ইত্তেফাক

তারিখ ২৮/১২/৮২

পৃষ্ঠা ... কলম ...

088

# খাল খনন কর্মসূচীর সুফল হিসাবে খাদ্য উৎপাদন বাড়িতেছে

—প্রেসিডেন্ট

আদমদীঘি (বগুড়া) হইতে বাসস জানায়ঃ প্রেসিডেন্ট আবদুস সাত্তার গত মঙ্গলবার এখানে ৫ মাইল দীর্ঘ টিয়ারপাড়া খাল পুনখনন প্রকল্পের উদ্বোধন করেন। এখানে সমবেত জনতার উদ্দেশে প্রেসিডেন্ট বলেন যে, মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান সুচিত খাল খনন কর্মসূচীর সুফল হিসাবে খাদ্য উৎপাদন বৃদ্ধি পাইতেছে। ফলে শুধু চাহিদা পূরণ নহে উদ্বৃত্ত খাদ্য শস্য রফতানী করিয়া বৈদেশিক মুদ্রা উপার্জন করা যাইবে।

দেশের খাদ্য পরিস্থিতি সম্পর্কে প্রেসিডেন্ট সাত্তার বলেন, মজুদদার ও মুনাফাখোররা কৃত্রিম সঙ্কট সৃষ্টি করিয়া খাদ্যদ্রব্যের মূল্য বাড়াইয়াছে। সরকার পরিস্থিতির উপর সজাগ নজর রাখিতেছেন।